



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

স্মারক নং-১৪.৩২.০০০০.৮০০.৩৬.০৬৮.২২.৬৯৬

তারিখঃ ২৯ চৈত্র, ১৪২৮ বঃ
১২ এপ্রিল, ২০২২ খ্রিঃ

বিষয়ঃ আইএসপি (ক্যাটাগরি-এ/বি/সি অথবা উপজেলা/ থানা) লাইসেন্সধারী প্রতিষ্ঠানসমূহের আইআইজি প্রতিষ্ঠান হতে আন্তর্জাতিক ব্যান্ডউইথ গ্রহণের সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।


- সূত্রঃ ১) আইএসপিএবি এর পত্র নং-ISPAB/BTRC/E&OO/28/03/2022, তারিখঃ ২৮/০৩/২০২২ খ্রিঃ।
২) বিটিআরসি'র পত্র নং- ১৪.৩২.০০০০.৮০০.৩৬.০৬৮.২২.৬৫২; তারিখঃ ২৮/০৩/২০২২ খ্রিঃ।
৩) বিটিআরসি'র পত্র নং- ১৪.৩২.০০০০.৮০০.৩৬.০০১.২১.০৫; তারিখঃ ০৩/০১/২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ-১ নং পত্রের প্রেক্ষিতে আইএসপি (ক্যাটাগরি-এ/বি/সি অথবা উপজেলা/ থানা) লাইসেন্সধারী প্রতিষ্ঠানসমূহের ইন্টারন্যাশনাল ইন্টারনেট গেটওয়ে (আইআইজি) প্রতিষ্ঠান হতে আন্তর্জাতিক ব্যান্ডউইথ গ্রহণের সময়সীমা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বৃদ্ধি করে ০১ এপ্রিল, ২০২২ খ্রিঃ তারিখ হতে ৩০ জুন, ২০২২ খ্রিঃ অর্থাৎ পরবর্তী ০৩(তিন) মাস পর্যন্ত বৃদ্ধি করা হলোঃ

শর্তসমূহঃ

- ১) সার্বিক বিবেচনায় শেষবারের মত ০৩(তিন) মাস পর্যন্ত বৃদ্ধি করা হল। বর্ণিত সময়সীমার পরে কোন অবস্থাতেই আর সময় বৃদ্ধি করা হবে না।
- ২) উক্ত সময়সীমা অতিবাহিত হওয়ার পর লাইসেন্সধারী সকল আইএসপি'কে বাধ্যতামূলকভাবে আইআইজি হতে আন্তর্জাতিক ব্যান্ডউইথ গ্রহণ করতে হবে। এর কোন ব্যত্যয় পরিলক্ষিত হলে কমিশন হতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৩) নির্ধারিত সময়সীমার মধ্যে ক্যাটাগরি-এ/বি/সি অথবা উপজেলা/ থানা লাইসেন্সধারী আইএসপি প্রতিষ্ঠানসমূহকে ন্যাশনওয়াইড/ সেন্ট্রাল জোন/ জোনাল আইএসপি প্রতিষ্ঠান হতে আন্তর্জাতিক ব্যান্ডউইথ ক্রয় বাবদ সকল বকেয়া পরিশোধ করতে হবে।

০২। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে উক্ত নির্দেশনা যথাযথ প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হল।


২২/০৪/২২

(মাহরীন আহসান)

উপ-পরিচালক

ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ

ই-মেইলঃ mahreen@btrc.gov.bd

বিতরণঃ

- ১) চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা/ প্রোপাইটর, সকল ISP অপারেটর।
- ২) চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল IIG অপারেটর।
- ৩) সভাপতি/ সাধারণ সম্পাদক, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি), বাড়ি-২, লেভেল-৪, রোড-২৮, ব্লক-কে, বনানী, ঢাকা-১২১৩।
- ৪) মহাসচিব, ইন্টারন্যাশনাল ইন্টারনেট গেটওয়ে এসোসিয়েশন অব বাংলাদেশ (আইআইজিএবি), বাড়ি-২, লেভেল-৪, রোড-২৮, ব্লক-কে, বনানী, ঢাকা-১২১৩।

অনুলিপিঃ

- ১) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিটিআরসি (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২) ভাইস-চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তাবৃন্দ, বিটিআরসি (ইহা মহোদয়গণের সদয় অবগতির জন্য)।